গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২০–৩০ জুন, ২০২১

**সূচিপত্র**


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমনিকা………………………………………………………………………………………. | ৩ |
| প্রকল্পের কর্মসম্পাদনের সার্বিক চিত্র…………………………………………………………………. | ৪ |
| সেকশন ১ : প্রকল্পের রূপকল্প , অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-৯ |
| প্রকল্পের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ১০-১১ |
| **সংযোজনী ১** : **শব্দসংক্ষেপ** ………………………………………………………. | ১৩ |
| **সংযোজনী ২** : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি …………………………………… | ১৪-১৬ |
| **সংযোজনী ৩** : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপরনির্ভরশীলতা | ১৭ |

## উপক্রমণিকা (Preamble)

`আমার বাড়ি আমার খামার প্রকল্প' এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন `আমার বাড়ি আমার খামার প্রকল্প' এর প্রকল্প পরিচালক

এবং

সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের ......জুলাই...... মাসের ...২৬...
তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# ‘ আমার বাড়ি আমার খামার প্রকল্প’ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the My House My Farm Project)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **প্রকল্পের সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ-১ আমার বাড়ি আমার খামার প্রকল্প এদেশের দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর তহবিল গঠন ও বিনিয়োগের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভুমিকা রেখে চলেছে। তৃতীয় সংশোধনী মোতাবেক প্রকল্প মেয়াদ ৩০ জুন ২০২০ পর্যন্ত। সংশোধিত প্রকল্পের মাধ্যমে দেশের সকল দরিদ্র জনগোষ্ঠীকে এ প্রকল্পের আওতায় এনে দারিদ্র্যশূন্য বাংলাদেশ বিনির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। তৃতীয় সংশোধিত মেয়াদে এ পর্যন্ত গঠিত ৫৭৮০২ টি গ্রাম উন্নয়ন সমিতির মাধ্যমে মোট ২১ লক্ষ ১৫ হাজার দরিদ্র পরিবার এ প্রকল্পের মাধ্যমে তহবিল গঠনসহ জীবিকায়নের সেবা পাচ্ছে।এ প্রকল্পের মাধ্যমে প্রথাগত ক্ষুদ্র ঋণের পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয় ধারণার প্রবর্তন করা হয়েছে। বিগত ০৩ (তিন) (২০১৭-১৮ ২০১৮-১৯ এবং ২০১৯-২০) বছরে সদস্যদের ব্যক্তি সঞ্চয় জমা মোট ৬৮২.৯৩ কোটি টাকা, সরকার কর্তৃক প্রদত্ত বোনাস ৬৩৪.১০ কোটি টাকা, সরকার কর্তৃক প্রদত্ত ঘূর্ণায়মান তহবিল ৩০৩১.৮৬ কোটি টাকাসহ দরিদ্র জনগনের মোট তহবিল ২৬৭৫.৪২ কোটি টাকা। গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে মোট ২৯৭৭.১৪ কোটি টাকা বিনিয়োগে মৎস্যচাষ, হাঁস-মুরগি পালন, গবাদিপশু পালন, নার্সারি স্থাপন, সজিচাষ, ও স্থানীয়ভাবে উপযোগী বিভিন্ন পেশায় ২৩ লক্ষ ১ হাজার ৭১৩ টি ক্ষুদ্র ক্ষুদ্র আয়বর্ধক খামার গড়ে উঠেছে। এসব অর্থের যথাযথ ব্যবহার ও সচ্ছতা নিশ্চিত করতে অনলাইন ব্যাংকিং প্রবর্তন করা | গ্রামীণ জনপদে দারিদ্র্যসীমার নিচের লোকজন দ্রুত দারিদ্র্যসীমা অতিক্রম করতে শুরু করেছে। পরিকল্পনা কমিশন ও আইএমইডি'র সম্পৃক্ততায় করা একটি মূল্যায়নে এ তথ্য উঠে এসেছে। ইতোমধ্যে বাংলাদেশ এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরণে এ প্রকল্প উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হয়েছে।

- **প্রকল্পের সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ:**

আমার বাড়ি আমার খামার প্রকল্প বাস্তবায়নে কিছু সমস্যা ও চ্যালেঞ্জ রয়েছে। যার মধ্যে প্রান্তিক পযায়ে দরিদ্র জনগোষ্ঠী বাছাই করা অন্যতম। তাছাড়াও দরিদ্র জনগোষ্ঠীর জন্য সৃজিত তহবিল ব্যবহার করে শতভাগ আয়বর্ধক খামার গড়া, গঠিত তহবিলের ঘূর্ণায়মান ব্যবহার নিশ্চিতকরাও প্রকল্পের চ্যালেঞ্জ। প্রকল্পের আওতায় গঠিত সমিতিগুলোকে স্থায়ীরূপ দেয়া, উপকারভোগীদের জন্য সৃজিত আধুনিক তথ্য প্রযুক্তি সুবিধা তাদের দোরগোড়ায় নিয়ে যাওয়া, দারিদ্র্য বিমোচনে নিয়োজিত বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কাজে দ্বৈততা পরিহার করে প্রকল্পের কাজ এগিয়ে নেয়াতে বিভিন্ন সমস্যা রয়েছে।

- **ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:**

প্রকল্পের আওতায় বর্তমানে দেশের সকল দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনের সুযোগ পাচ্ছে। একটি বাড়ি একটি খামার প্রকল্পের দারিদ্র্য বিমোচন মডেলে দেশের অবশিষ্ট দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য দূরীকরণের পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় সৃজিত কার্যক্রমের ধারাবাহিকতা ও স্থায়ীরূপ প্রদান এবং দারিদ্র্য বিমোচন কার্যক্রমকে স্থায়ী ও প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের জন্য ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংক স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় গঠিত সমিতিগুলোকে আইনী কাঠামোতে এনে স্থায়ীরূপ প্রদানের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক আইনে সমিতি হিসেবে নিবন্ধন করার ব্যবস্থা গৃহীত হয়েছে। দরিদ্র জনগোষ্ঠীর সকল আর্থিক কাযক্রম অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়া হবে। দেশের সর্বশেষ দরিদ্র ব্যক্তির দারিদ্র্যমুক্তির কাযক্রম গৃহীত না হওয়া পযন্ত এ প্রকল্প চলমান থাকবে।

### প্রকল্পের ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১। ৮.০০ লক্ষ দরিদ্র জনগোষ্ঠীর আত্মকর্ম সংস্থানের ব্যবস্থা করা হবে।

২। দরিদ্র জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থানে ৬০০ কোটি টাকার তহবিল যোগান দেয়া হবে।

৩। ৫.০০ লক্ষ মহিলার আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।

৪। সমিতির ৫৫ হাজার জন সদস্যের আয়বর্ধক কাজে নিয়োজন ও সচেতনতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করা হবে।

## সেকশন ১:

## রূপকল্প ,অভিলক্ষ্যপ্রধান কার্যাবলি ,কৌশলগত উদ্দেশ্যসমূহ ,

১.১ রূপকল্প) Vision:(

জীবিকায়ন নিশ্চিতকরণের মাধ্যমে দারিদ্র্য নিরসন ও টেকসই উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য) Mission:(

পল্লীর দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠনে অন্তর্ভুক্ত করে নিজস্ব পুঁজি গঠন করে দিয়ে জীবিকায়ন নিশ্চিতকরণ, তথ্য প্রযুক্তি সেবার আওতায় নিয়ে আসা এবং প্রান্তিক পযায়ে স্থানীয় প্রাকৃতিক ও মানবসম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পল্লী উন্নয়ন ।

১.৩.১ প্রকল্পের কৌশলগত উদ্দেশ্যসমূহ) Strategic Objectives:(

১। উন্নয়নে নারীর অংশীদারিত্ব ও ক্ষমতায়ন বৃদ্ধি করা;
২। দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ী তহবিল গঠন করে দিয়ে আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্ত করা;
৩। দক্ষ মানবসম্পদ তৈরীর মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং প্রকল্পের সফল বাস্তবায়ন।

১.৩.২ প্রকল্পের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১। উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
২। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
৩। প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন;
৪। তথ্য অধিকার ও সপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৫। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৬। প্রকল্পের সর্বস্তরে তথ্য প্রযুক্তি সুবিধা নিশ্চিতকরণ।

১.৪ কার্যাবলি) Functions:(

১। দরিদ্র জনগোষ্ঠীকে ক্ষুদ্র সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ;
২। উৎসাহ বোনাস ও আবর্তক তহবিল প্রদান করে স্থায়ী তহবিল গঠন করা;
৩। সদস্যদের উঠান বৈঠক অনুষ্ঠান নিশ্চিতকরণ;
৪। প্রশিক্ষণ ও সচেতনা বৃদ্ধির বিভিন্ন কর্মসূচির মাধ্যমে সদস্যদের দক্ষতা বৃদ্ধি করা;
৫। প্রশিক্ষিত গ্রাম উন্নয়ন কর্মী সৃজন;
৬। প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণের সুযোগ তৈরী করে দেয়া;
৭। ক্ষুদ্র ক্ষুদ্র আয়বর্ধক খামার তৈরীর মাধ্যমে প্রতিটি বাড়িকে খামারে রূপান্তর করা;
৮। সদস্যদের সকল আর্থিক ও সামাজিক কর্মকান্ড সমিতির মাধ্যমে বাস্তবায়ন করা;
৯। সদস্য ও সমিতির সকল আর্থিক ও সামাজিক কর্মকান্ডে তথ্যপ্রযুক্তির ব্যবহার নিশ্চিতের মাধ্যমে প্রকল্পের সফল বাস্তবায়ন।

সেকশন ২ :

আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব )Outcome/Impact(

| চূড়ান্ত ফলাফল/প্রভাব )Outcome/Impact( | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ(Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| উপকারভোগী নারীর ক্ষমতায়ন | প্রকল্পের সদস্যদের ৬৭% নারী। নারী সদস্যরা প্রকল্পের সহায়তায় আয়বর্ধক কাজে নিয়োজিত | সংখ্যা (লক্ষ) | ৩.৫০ | ৬.০৭ | ৫.০০ | -- | -- | বিআরডিবি ও মাঠ প্রশাসন | প্রকল্পের ওয়েবসাইট |
| দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ী পুঁজি গঠন | প্রকল্পের সদস্যদের ৬০ জনের সমিতিতে ৯ লক্ষাধিক টাকা স্থায়ী পুঁজি গঠন | কোটি টাকায় | ৭০০ | ৫৮৭ | ৬০০ | -- | -- | বিআরডিবি ও মাঠ প্রশাসন | প্রকল্পের ওয়েবসাইট |
| উপকারভোগীর আয় বৃদ্ধি | প্রকল্পভুক্ত পরিবারের বার্ষিক আয় বৃদ্ধি | শতকরা হার | ৪৩ | ৫০ | ৫৫ | -- | -- | বিআরডিবি ও মাঠ প্রশাসন | প্রকল্পের প্রতিবেদন |

*সাময়িক

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৮১৯ | প্রকৃত অর্জন ২০১৯-২০ ((সম্ভাব্য) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target Criteria Value for FY 2020-21) অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ (Projection) ২০২১-২০২২ | প্র (P) ২০ ২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০ % | ৭০% | ৬০% | | |
| | মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] উন্নয়নে নারীর অংশীদারিত্ব ও ক্ষমতায়ন বৃদ্ধি করা | ১০ | [১.১] পল্লীর নারীদের আয়বর্ধনমূলক কার্যক্রম | [১.১.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | সমষ্টি | জন (লক্ষ) | ১০ | ৩.৫০ | ৩.৫০ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৫০ | ৩.০০ | -- | |
| [২] দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ী তহবিল গঠন করে দিয়ে আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্ত করা | ৪০ | [২,১] বিনিয়োগ | [২.১.১] বিনিয়োগকৃত অর্থের পরিমাণ | সমষ্টি | টাকা (কোটি) | ১০ | ৯০০ | ৯০০ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | -- | |
| | | [২.২] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে তহবিল গঠন | [২.২.১] ক্ষুদ্রসঞ্চয় ও সরকারি সহায়তায় মূলধন গঠন | সমষ্টি | টাকা (কোটি) | ১০ | ৭০০ | ৭০০ | ৬০০ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | -- | |
| | | [২.৩] সদস্যদের কর্মসংস্থান | [২.৩.১] আত্নকর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | জন (লক্ষ) | ১০ | ৬.০০ | ৬.০০ | ৮.০০ | ৭.৫০ | ৭.০০ | ৬.৫০ | ৬.০০ | -- | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২০২২ | প্র (P ) ২০ ২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮১৯ | ২০১৯-২০ ((সম্ভাব্য) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০ % | ৭০% | ৬০% | | |
| | মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৪]দরিদ্র জনগোষ্ঠীর পুরুষ সদস্যদের আয়বর্ধনমূলক কার্যক্রম | [২.৪.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমষ্টি | জন (লক্ষ) | ১০ | - | - | ৩.০০ | ২.৫০ | ২.০০ | ১.৫০ | ১.০০ | -- | -- |
| [৩] দক্ষ মানব সম্পদ তৈরীর মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং প্রকল্পের সফল বাস্তবায়ন | ২৫ | [৩.১]সমিতির সদস্যদের মধ্যে উদ্বুদ্ধকরণ / আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | সমষ্টি | জন (লক্ষ) | ১০ | ০.৫১ | ১.০২ | ০.৫৫ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | -- | -- |
| | | [৩.২] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] স্থানীয় প্রশিক্ষণার্থী কর্মকর্তা ও কর্মচারী | সমষ্টি | জন | ৭ | ৭০০০ | ৭০০০ | ৯০০০ | ৮০০০ | ৭০০০ | ৬০০০ | ৫০০০ | - | |
| | | [৩.৩ ] দক্ষ মানব সম্পদ উন্নয়ন সম্পর্কিত সেমিনার, | [৩.৩.১] সেমিনার, কর্মশালা আয়োজন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩০ | ৩৩ | ৩৫ | ৩০ | ২৫ | ২২ | ২০ | -- | |
| | | [৩.৪] প্রকল্পের | [৩.৪.১] ভৌত | গড় | % | ২ | ১২০ | ১২০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation Method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২০২২ | প্র (Pr) ২০ ২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮১৯ | ২০১৯-২০ ((সম্ভাব্য) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০ % | ৭০% | ৬০% | | |
| | মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | বাস্তবায়ন অগ্রগতি (ক্রমপুঞ্জিভুত) | অগ্রগতি | | | | | | | | | | | | |
| | | | [৩.৪.২] আর্থিক অগ্রগতি | গড় | % | ১ | ৯০ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - | |

বিঃদ্রঃ ৪র্থ সংশোধনীতে প্রকল্পের মেয়াদ জুন/২০২১ পর্যন্ত (১ বছর, No cost)বর্ধিত করা হয়েছে। এ জন্য ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরের জন্য কোন প্রপ্রেক্ষপন ধরা হয়নি।
প্রকল্পের গ্রাম উন্নয়ন সমিতি গঠন ,উপকারভোগী নির্বাচন এবং উপকারভোগী নির্বাচন (ক্ষুদ্র-নৃগোষ্ঠী) কর্মসম্পাদন সূচকে প্রকল্পের ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে। এজন্য কর্মসম্পাদন সূচক ০৩(তিন)টি ২০২০-২০২১ অর্থ বছরের কর্মসম্পাদন সূচক হতে বাদ দেয়া হয়েছে। এছাড়া প্রকল্পের শেষ বছরে মূলত উপকারভোগীদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হবে। এজন্য প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা বেশি ধরা

## দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১(প্রস্তাবিত)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানে নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১- | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, আকবর হোসেন, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আমার বাড়ি আমার খামার প্রকল্প, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মোঃ রেজাউল আহসান, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রকল্প পরিচাল, আমার বাড়ি আমার খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট প্রকল্পকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| | ২৮.০৭.২০২০ |
| প্রকল্প পরিচালক<br>আমার বাড়ি আমার খামার প্রকল্প<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | তারিখ |
| | 28/9/2020 |
| সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিকনং | শব্দসংক্ষেপ | |
|---|---|---|
| ০১ | পউসবি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ০২ | আবাআখা | আমার বাড়ি আমার খামার |

## সংযোজনী- ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি- এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | [১.১] পল্লীর নারীদের আয়বর্ধনমূলক কার্যক্রম | [১.১.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | প্রকল্পের আওতায় গঠিত সমিতির ৬০ জন সদস্যদের মধ্যে ৪০ জনই মহিলা। অনেক সমিতিতে শতভাগ সদস্যও মহিলা রয়েছে। প্রকল্পের সকল কর্মকাণ্ডে মহিলাদের অগ্রাধিকার প্রদান করা হয়। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | মহিলাদের আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ ও তাদের ক্ষমতায়নের কাজ চলমান রয়েছে |
| ২ | [২.১] বিনিয়োগ | [২.১.১] বিনিয়োগকৃত অর্থের পরিমাণ | প্রকল্পের নীতিমালার আলোকে প্রতি সদস্যকে প্রথমবার ১০ হাজার, দ্বিতীয়বার ২০ হাজার এবং তৃতীয়বার ৩০ হাজার টাকা বিনিয়োগের জন্য তহবিল প্রদান করা হয়। সমিতি হতে গৃহীত তহবিল দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র আয়বর্ধক খামার সৃজন করা হচ্ছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | সমিতির তহবিল বিনিয়োগের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ খামার সৃজন কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩ | [২.২] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে তহবিল গঠন | [২.২.১] ক্ষুদ্রসঞ্চয় ও সরকারি সহায়তায় মূলধন গঠন | প্রকল্পের আওতায় ক্ষুদ্র ঋণের পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে উপকারভোগীদের সমিতিতে দুবছরে ৯ লক্ষাধিক টাকা মূলধন গঠন করে দেয়া হচ্ছে। এ প্রক্রিয়ায় সরকার সদস্যদের নিজস্ব সঞ্চয়ের বিপরীতে প্রায় দ্বিগুণ পরিমাণ আর্থিক অনুদান প্রদান করছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | প্রকল্পের সদস্যদের সমিতিতে তহবিল গঠন করে দেয়ায় কর্মসূচি চলমান রয়েছে। |
| ৪ | [২.৩] সদস্যদের কর্মসংস্থান | [২.৩.১] আত্ম-কর্মসংস্থান সৃজিত উপকারভোগীর সংখ্যা | সমিতিতে সৃজিত তহবিল হতে সদস্যদের চাহিদা মোতাবেক আয়বর্ধক খামার সৃজনে ঋণ প্রদান করা হয় এবং প্রতিটি ক্ষুদ্র খামারে পরিবারের অন্তত: দুজন সদস্যের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দেয়া হচ্ছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | প্রকল্পের মূল লক্ষ্য অনুযায়ী ক্ষুদ্র খামার সৃজনের মাধ্যমে সদস্যদের আত্মকর্মসংস্থান সৃজনের কার্যক্রম চলমান রয়েছে। |
| ৫ | [২.৪] দরিদ্র জনগোষ্ঠীর পুরুষ সদস্যদের আয়বর্ধনমূলক কার্যক্রম | [২.৪.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমিতির পুরুষ সদস্যদের বিভিন্ন আয়বর্ধন প্রশিক্ষণ প্রদান এবং ঋণ প্রদানের মাধ্যমে আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করা হচ্ছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | দরিদ্র জনগোষ্ঠীর পুরুষ সদস্যদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ কাজ চলমান রয়েছে |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৬ | [৩.১]সমিতির সদস্যদের মধ্যে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণকারী | প্রকল্পের আওতায় গঠিত সমিতি হতে কৃষি, মৎস্যচাষ, হাস-মুরগিপালন, গবাদিপশুপালন ও নার্সারী বিষয়ে দক্ষতাবৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করে প্রতি সমিতিতে ৫জন করে উন্নয়ন কর্মী সৃজন করা হচ্ছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | সমিতিতে ৫ জন করে দক্ষ উন্নয়ন কর্মী সৃজনের কাজ চলমান রয়েছে। |
| ৭ | [৩.২] পল্লী উন্নয়নে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] স্থানীয় প্রশিক্ষণার্থী কর্মকর্তা ও কর্মচারী | প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের অরিয়েন্টেশন, রিফ্রেসার্স, অনলাইন ব্যাংকিং কার্যক্রম সম্পাদন, নিত্যনতুন বিষয়ে ধারণা প্রদানের নিমিত্ত প্রতিনিয়ত প্রশিক্ষণ প্রদান করা হয় | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের সদর কার্যালয় ও মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। |
| ৮ | [৩.৩ ] দক্ষ মানব সম্পদ উন্নয়ন সম্পর্কিত সেমিনার | [৩.৩.১] সেমিনার, কর্মশালা আয়োজন | আমার বাড়ি আমার খামার প্রকল্পের দর্শন, অভিজ্ঞতা, নীতি, কৌশল ও প্রযুক্তি অবহিতকরণের জন্য বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ আয়োজন করা হয়। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | আমার বাড়ি আমার খামার প্রকল্পের দর্শন, অভিজ্ঞতা, নীতি, কৌশল ও প্রযুক্তি অবহিতকরণের জন্য বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ আয়োজন করা হয়। |
| ৯ | [৩.৪] প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | [৩.৪.১] ভৌত অগ্রগতি | আমার বাড়ি আমার খামার প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কার্যক্রমের যথাযথ মনিটরিং চলমান রয়েছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। |
| | | [৩.৪.২] আর্থিক অগ্রগতি | আমার বাড়ি আমার খামার প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কার্যক্রম চলমান রয়েছে। | আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্পের ওয়েবসাইট ও প্রতিবেদন | প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। |

## সংযোজনী-৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পদান চাদিহাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদাপ্রত্যাশা/ | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অর্থবিভাগ | [৩.২] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে তহবিল গঠন | [৩.২.১] ক্ষুদ্র সঞ্চয় ও সরকারি সহায়তায় মূলধন গঠন | কল্যাণ অনুদান ও প্রশিক্ষনোত্তর সহায়তা তহবিল খাতে চলমান অর্থবছরের বাজেট অনুযায়ী অর্থ ছাড়করণ। | সমিতির সদস্যদের নিজস্ব সঞ্চয়, উৎসাহ বোনাস ও আবর্তক তহবিল সমন্বয়ে সমিতির মোট তহবিল গঠিত হয়ে থাকে। | চাহিত অর্থ ছাড় না হলে প্রত্যাশিত তহবিল গঠন হবেনা। |